

জাতীয়

ভিসা সহায়তা দিতে ঢাকায় আসছে রোমানিয়ার প্রতিনিধি দল

প্রতিবেদক: নিজস্ব প্রতিনিধি

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৮:৩৮ AM



উচ্চশিক্ষার জন্য রোমানিয়ায় যেতে আগ্রহী বাংলাদেশিদের ভিসা আবেদন প্রক্রিয়াকরণে ঢাকায় আসছে দেশটির দূতাবাসের একটি প্রতিনিধি দল। আগামী ৮ থেকে ১১ অক্টোবর ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে তারা কনস্যুলার সেবা দেবে।

গুক্রবার (২ অক্টোবর) ভারতের নয়াদিল্লিতে অবস্থিত রোমানিয়া দূতাবাস এ তথ্য জানিয়েছে।

দূতাবাস জানায়, ভ্রাম্যমাণ কনস্যুলার মিশনে প্রাথমিকভাবে স্টাডি ভিসার আবেদন জমা নেওয়া হবে। এ ছাড়া বাংলাদেশি নাগরিকদের অন্যান্য জরুরি কনস্যুলার অনুরোধেও সহায়তা দেওয়া হবে।

তবে এই সেবা নিতে হলে আবেদনকারীদের আগে রোমানিয়ার অফিসিয়াল ইভিজা পোর্টালের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে। অ্যাপয়েন্টমেন্টের নিশ্চিতকরণ পাওয়া আবেদনকারীদের ভিসা আবেদনই কেবল গ্রহণ করা হবে।

দূতাবাস জানিয়েছে, মিশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং কোনো ধরনের বিভ্রান্তি এড়াতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

যেসব আবেদনকারী ইভিজা পোর্টালের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্টের নিশ্চিতকরণ পাননি, তাঁরা মোবাইল কনসুলার মিশনের সময় ভিসার আবেদন জমা দিতে পারবেন না।

আবেদনকারীদের অ্যাপয়েন্টমেন্টের নিশ্চিতকরণ ভালোভাবে যাচাই করার পর মিশনে উপস্থিত হওয়ার পরামর্শ দিয়েছে দূতাবাস। একই সঙ্গে প্রয়োজনীয় সব নথিপত্র সঙ্গে রয়েছে কি না, তা আগেই নিশ্চিত করতে বলা হয়েছে।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেফটি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ বিদ্রোহকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/bhisa-shayta-dite-dhakay-aschhe-romaniyar-prtinidhi-dl>